# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**31-05-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) দেশের বিভিন্ন অংশে তাপপ্রবাহের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশেষ সতর্কতা অবলম্বন এবং সরকারি দফতরের জারি করা গাইডলাইন মেনে চলার পরামর্শ দিয়েছেন।

তিনি আজ আকাশবাণীতে "মন কি বাত"-এর ১৩৪-তম পর্বে তাঁর চিন্তা-ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেন।

২) প্রধানমন্ত্রী বলেন, আমচাষীরা দেশের কৃষি ভিত্তিক অর্থনীতিকে মজবুত করে তুলছেন।

জলাশয় সংরক্ষণ এবং তা দূষণমুক্ত রাখার আহ্বান জানিয়ে পরিবেশ সচেতনতার বার্তা দিয়েছেন তিনি।

৩) রাজ্যপাল আর এন রবি বলেছেন, ভারত ও বাংলাদেশের মধ্যে উন্মুক্ত সীমান্ত জাতীয় নিরাপত্তাকে বিপন্ন করছে।

৪) রাজ্য সরকারের পূর্ণাঙ্গ মন্ত্রিসভা আগামীকাল গঠিত হতে চলেছে।

৫) এরাজ্যে সরকারি কর্মচারী ও অবসরপ্রাপ্তদের বকেয়া মহার্ঘ ভাতা নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল নবান্নে কর্মচারী সংগঠনগুলির প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসবেন।

৬) সরকারি বাসে আগামীকাল থেকে রাজ্যের মহিলারা বিনা মুল্যে যাতায়াত করতে পারবেন।

---

দেশের বিভিন্ন অংশে গরম ও তাপপ্রবাহের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সময়ে বিশেষ সতর্কতা অবলম্বন এবং সরকারি দফতরের জারি করা গাইডলাইন মেনে চলার পরামর্শ দিয়েছেন। মাসিক বেতার অনুষ্ঠান মন কী বাতের ১৩৪ তম পর্বে আজ তিনি বলেন, তীব্র গরম থেকে রক্ষা পেতে বেশি করে জলপান করতে হবে। খুব প্রয়োজন ছাড়া রোদে না বেরনোর পরামর্শ দিয়েছেন তিনি।

বাইট-তাপপ্রবাহ

প্রধানমন্ত্রী বলেন, আমচাষীরা দেশের কৃষি ভিত্তিক অর্থনীতিকে শক্তিশালী করে তুলছেন। এজন্য আমের ফলনে যুক্ত কৃষকদের ভূয়সী প্রশংসা করেন তিনি। শ্রী মোদী গ্রীষ্মকালে দেশের বিভিন্ন অঞ্চলের আমের বৈচিত্র্যের কথাও তুলে ধরেন। এরাজ্যের চৌসা, হিমসাগর আমের কথা উল্লেখ করে তিনি বলেন, এই আম আজ স্থানীয় বাজার থেকে যথাযথ প্রক্রিয়াকরণের মাধ্যমে বিশ্ব বাজারে জায়গা করে নিচ্ছে।

বাইট আম

গরমের সময়ে দেশবাসীর রান্নাঘরে দেশীয় পানীয়ের বাহার ‘এক ভারত শ্রেষ্ঠ ভারতে’র ভাবনাকে তুলে ধরে বলে মন কি বাত-এ উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

বাইট- পানীয়

জলাশয় সংরক্ষণ এবং তা দূষণমুক্ত রাখার আহ্বান জানিয়ে পরিবেশ সচেতনতার বার্তা দিয়েছেন শ্রী মোদী। উত্তরপ্রদেশের বস্তি জেলার মনোরমা নদীকে প্লাস্টিক মুক্ত করার ক্ষেত্রে স্থানীয় বাসিন্দা আকাশ গুপ্তার কাহিনী সকলের সঙ্গে ভাগ করে নেন তিনি।

বাইট প্লাস্টিক

উত্তরপ্রদেশে একটি গাঙ্গেয় ডলফিন উদ্ধার অভিযানের প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, নমামি গঙ্গে অভিযানের আওতায় তৈরি ভারতের প্রথম গঙ্গা ডলফিন উদ্ধার অ্যাম্বুলেন্স এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।

সম্প্রতি প্রধানমন্ত্রীর নেদারল্যান্ডস সফরে সে দেশে আয়োজিত এক বিশেষ অনুষঠানে চোল রাজাদের সময়ের প্রাচীন তাম্র ফলক ভারতকে প্রত্যর্পণ করা হয়। এই প্রসঙ্গে শ্রী মোদী বলেন, সরকার দেশের বিভিন্ন প্রান্তে থাকা অমূল্য ঐতিহ্য ও সম্পদ সংরক্ষণে সচেষ্ট।

জ্যোতির্বিজ্ঞান বা অ্যাস্ট্রনমি বিষয়ের আকর্ষণের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী জ্যোতির্বিজ্ঞানে ক্লাবে যোগদান এবং গরমের ছুটিতে তারামন্ডল পরিদর্শনের আহ্বান জানান।

--------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, দেশের শিক্ষা, উদ্ভাবন, পরিবেশ সংরক্ষণ, সাংস্কৃতিক ঐতিহ্য, স্বাস্থ্য সচেতনতা ইত্যাদি নিয়ে 'মন কি বাত'-এর প্রত্যেকটি পর্বে প্রধানমন্ত্রীর বক্তব্য মানবিক চেতনার উন্মেষ ঘটায়। আজকের মন কি বাত শোনার পর মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে লেখেন, আত্মনির্ভর ভারত নির্মানে তাঁর এই বার্তা দেশের প্রত্যেক নাগরিককে নতুন উদ্যমে চলার প্রেরনা জোগাবে।

বর্ধমানে বিজেপির কার্যালয়ে দলের কর্মী সমর্থকদের সঙ্গে মন কী বাত শোনেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার।

--------------------

আজকের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

--------------------

ভারত ও বাংলাদেশের মধ্যে উন্মুক্ত সীমান্ত জাতীয় নিরাপত্তাকে বিপন্ন করছে বলে রাজ্যপাল আর এন রবি মন্তব্য করেছেন। শিলিগুড়িতে দেবর্ষি নারদ সম্মান সমারোহতে যোগ দিতে আজ বাগডোগরা পৌঁছনোর পর সাংবাদিকদের তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চলের সঙ্গে দেশের বাকি অংশের যোগাযোগ রক্ষাকারী চিকেনস নেক করিডোরকে আরও সুরক্ষিত করতে হবে।

পশ্চিমবঙ্গে পূর্বতন তৃণমূল কংগ্রেস জমি না দেওয়ায় এরাজ্যে বাংলাদেশ সীমান্তের প্রায় ৩০০ কিলোমিটার এলাকায় বেড়া দেওয়া সম্ভব হয়নি। মুর্শিদাবাদ, মালদা এবং নদিয়ার মতো জেলায় এই সীমান্তগুলি রয়েছে। বর্তমানে জমির সমস্যা মেটায় ঐ সমস্ত এলাকায় কাঁটাতার দেওয়ার কাজ শুরু হয়েছে।

জনবিন্যাসের পরিবর্তনের কারণে চিকেনস নেক এলাকার পরিস্থিতি উদ্বেগজনক বলে মন্তব্য করেন তিনি।

পরে, শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে দেবর্ষি নারদ জয়ন্তী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেন রাজ্যপাল। সাংবাদিকতার মূল্যবোধ, সমাজে সংবাদমাধ্যমের ভূমিকা এবং তথ্য পরিবেশনের গুরুত্বকে সামনে রেখেই এই বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সাংবাদিকদের 'দেবর্ষি নারদ সার্থক জীবন সম্মান ২০২৬' প্রদান করা হয়।

-------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল তাঁর মন্ত্রিসভার সম্প্রসারন করবেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি জানিয়েছেন, জনগণের রায়ে নির্বাচিত সরকারের পূর্ণাঙ্গ মন্ত্রিসভা গঠিত হবে। লোকভবনে সকাল ১১টায় রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি নতুন মন্ত্রীদের শপথবাক্য পাঠ করাবেন। এবার একসঙ্গে ৩৫ জন মন্ত্রী শপথ নেবেন। এর ফলে মন্ত্রিসভার মোট সদস্য সংখ্যা হবে ৪১।

-------------------

রাজ্যে সরকারি কর্মচারী ও অবসরপ্রাপ্তদের বকেয়া মহার্ঘ ভাতা নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল নবান্নে কর্মচারী সংগঠনগুলির প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন। মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, অর্থ সচিব এই বৈঠকে উপস্থিত থাকবেন। ডিএ মামলায় যুক্ত কর্মচারী সংগঠনের সর্বাধিক তিনজন প্রতিনিধিকে বৈঠকে ডাকা হয়েছে। আগামীকালের বৈঠকে কি সিদ্ধান্ত হয়, সেদিকেই তাকিয়ে রয়েছেন কর্মচারীরা।

সুপ্রিম কোর্ট'ও গত বুধবারের শুনানিতে বকেয়া DA মেটানোর প্রক্রিয়া কতদূর এগিয়েছে, তা' জানতে চায়। তবে এব্যাপারে রাজ্য সরকারের তরফে আদালতের কাছে কিছুটা সময় চাওয়া হয়। সব পক্ষের বক্তব্য শুনে শীর্ষ আদালত মামলার শুনানি পিছিয়ে

দেয়। জুলাই মাসের তৃতীয় সপ্তাহে ফের এই মামলার শুনানি হবে। তার আগে রাজ্যকে DA মামলার স্টেটাস রিপোর্ট জমা দিতে বলেছে সর্বোচ্চ আদালত।

--------------------

রাজ্য জুড়ে সরকারি বাসে আগামীকাল থেকে বিনা মুল্যে মহিলারা যাতায়াত করতে পারবে। ইতোমধ্যেই পরিবহন দপ্তর এব্যাপারে বিজ্ঞপ্তি জারি করেছে। আপাতত ভোটার, প্যান, আধার কার্ডের মত সরকার অনুমোদিত পরিচয় পত্রের যেকোনো একটি দেখালে, বাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুযোগ পাবেন এরাজ্যের মহিলারা। পরিচয় পত্র দেখে কনডাক্টর বিনামূল্যের একটি টিকিট ইস্যু করবেন। প্রতিমাসে যে পরিমাণ টিকিট ইস্যু হবে, রাজ্য সরকার সম পরিমাণ টাকা পরিবহন দপ্তর বা সংশ্লিষ্ট নিগমকে দেবে। পরবর্তীকালে মহিলাদের বাসে নিখরচায় যাতায়াতের জন্য কিউআর কোড ভিত্তিক স্মার্ট কার্ড দেওয়া হবে।

--------------------

কেন্দ্রীয় সংস্থার মালিকানাধীন জমিতে বাড়ি তৈরির অভিযোগে তৃণমূল কংগ্রেস বিধায়ক মদন মিত্রের কামারহাটির বাড়িতে আজ তল্লাশি চালায় পুলিশ। বিধায়ক না থাকায় তালা ভেঙে বাড়িতে ঢুকে তল্লাশি চালানো হয়।

--------------------

দুর্নীতি হুমকি সহ একাধিক অভিযোগে রাজ্যের বিভিন্ন এলাকা থেকে গ্রেপ্তার হচ্ছেন একাধিক তৃণমূল কংগ্রেস নেতা।

তোলাবাজি, মারধর, বাড়ি দখলের অভিযোগে বিধাননগর পুরসভার ৪০ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলর তুলসী সিনহা রায়ের স্বামী ভাস্কর সিনহা রায়কে পুলিশ গ্রেফতার করেছে।

এদিকে, তোলাবাজির অভিযোগে গ্রেফতার হয়েছে, দক্ষিণ দমদম পুরসভার **১১** নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলর মৃন্ময় দাস।

--------------------

যাদবপুরে খুনের চেষ্টা ও মারধরের অভিযোগে তৃণমূল কংগ্রেস কাউন্সিলর অনন্যা বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ দুষ্কৃতি সুমন মণ্ডল কে, পূর্ব যাদবপুর থানার পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃতের কাছ থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়েছে। রাজনৈতিক প্রভাব খাটিয়ে এলাকার বাসিন্দাদের হুমকি দেওয়ার অভিযোগ রয়েছে ধৃতের বিরুদ্ধে।

--------------------

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ওপর আক্রমণ এবং দলের নেতাকর্মীদের গ্রেপ্তারের অভিযোগে, হুগলীর চন্ডীতলায় ডেপুটেশন দিতে গিয়ে আজ জনরোষের মুখে পড়েন শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তাকে লক্ষ্য করে ঢিল ছোড়া হয় বলে অভিযোগ। দেওয়া হয় চোর স্লাগানও।

উল্লেখ্য দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে গতকাল মৃত দলীয় কর্মীর বাড়িতে গিয়ে ব্যাপক বিক্ষোভের মুখে পড়তে হয় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। শারীরিকভাবে তাঁকে হেনস্থা করা হয় বলেও অভিযোগ।

এদিকে এই ঘটনার প্রতিবাদে হুগলীর চুঁচুড়ায় রাস্তা অবরোধ করে পুলিশ কর্মীদের কাজে বাধাদানের অভিযোগে তৃণমূল কংগ্রেস নেতা অসিত মজুমদার সহ ১০ জনকে

আজ গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল রাস্তা অবরোধের সময়ে পুলশ কর্মীদের সঙ্গে বচসা ও ধস্তাধস্তি হয় বলে জানা গেছে।

বিজেপি নেতা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার তৃণমূল কংগ্রেস সাংসদদের ওপর হামলার নিন্দা করেছেন। তবে গোষ্ঠী দ্বন্দ্বের করাণেই এই আক্রমণ কিনা, সেই প্রশ্নও তুলেছেন তিনি।

বাইট সুকান্ত

তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী সামাজিক মাধ্যমে এক পোস্টে লিখেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের ওপর পরিকল্পনা করেই আক্রমণ হয়েছে।

তৃণমূল কংগ্রেসের দুই সাংসদের ওপর হামলার ঘটনার নিন্দা করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

--------------------

ভোট পরবর্তী হিংসা এবং তৃণমূল কংগ্রেস নেতৃত্বের ওপর আক্রমণের অভিযোগে আগামী দোসরা জুন ধর্মতলায় রানী রাসমণি রোডে দলনেত্রী মমতা ব্যানার্জি ধর্ণায় বসবেন। পাশাপাশি আগামীকাল রাজ্য জুড়ে দলের তরফে প্রতিবাদ মিছিল করা হবে।

-------------------- --------------------